রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২৯, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৮ আশ্বিন ১৪২০ বঙ্গাব্দ/২৩ সেপ্টেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩১৫-আইন/২০১৩।—যেহেতু Primary Schools (Taking Over) Act, 1974 (Act No. VIII of 1974), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 6, section 3 এর sub-section (2) এর clause (b) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার 'অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা, ২০১৩' শীর্ষক বিধিমালা প্রণয়নের প্রস্তাব ১৬ শ্রাবণ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ৩১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৭২-আইন/২০১৩ এর মাধ্যমে সরকারি গেজেটে প্রাক্-প্রকাশ করিয়াছিল;

যেহেতু উপরি-উক্ত প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে নির্ধারিত ১০ (দশ) দিনের মধ্যে প্রাপ্ত পরামর্শ বা আপত্তি বিবেচনাক্রমে সরকার উক্ত বিধিমালা চূড়ান্ত করিয়াছে;

সেহেতু উক্ত Act এর section 6, section 3 এর sub-section (2) এর clause (b) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৮ পৌষ ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০১ জানুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "অধিগ্রহণকৃত বিদ্যালয়" অর্থ আইনের section 3 এর sub-section (1) এর অধীন সরকার কর্তৃক অধিগ্রহণকৃত (taken over) কোন বেসরকারি প্রাথমিক বিদ্যালয়;



মূল্য ঃ টাকা ৮.০০

(খ) "আইন" অর্থ Primary Schools (Taking Over) Act, 1974 (Act No. VIII of 1974);

(গ) "কার্যকর চাকুরীকাল" অর্থ কোন শিক্ষক অধিগ্রহণের অব্যবহিত পূর্বে একাদিক্রমে যে মেয়াদে চাকুরী করিয়াছেন উহার ৫০% :

তবে শর্ত থাকে যে, কোন শিক্ষক অধিগ্রহণের অব্যবহিত পূর্বে একাদিক্রমে ৪ (চার) বৎসরের কম চাকুরী করিয়া থাকিলে উক্ত চাকুরীকাল কার্যকর চাকুরীকাল হিসাবে গণ্য হইবে না;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঙ) "নিয়োগ বিধি" অর্থ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ১৯৯১;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ নিয়োগ বিধিতে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা;

(ছ) "যোগদানকালীন বয়স" অর্থ শিক্ষক পদে নিযুক্ত ব্যক্তির ঐ পদে যোগদানের তারিখের বয়স;

(জ) "শিক্ষক" অর্থ কোন অধিগ্রহণকৃত বিদ্যালয়ের প্রধান শিক্ষক বা সহকারী শিক্ষক পদে নিযুক্ত ব্যক্তি যিনি সরকার বা, ক্ষেত্রমত, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, নির্ধারিত প্রক্রিয়ায় নিয়োগপ্রাপ্ত হইয়া অব্যাহতভাবে উক্ত বিদ্যালয়ে কর্মরত আছেন।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাততঃ বলবৎ অন্য কোন বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলী প্রাধান্য পাইবে।

৪। **শিক্ষক নিয়োগ, ইত্যাদি।**—(১) বিধি ৬ এর বিধান সাপেক্ষে, নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) কোন শিক্ষকের—

(অ) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ সরকারের প্রচলিত আদেশ অনুসরণে হইলে,

(আ) প্রয়োজনীয় যোগ্যতা থাকিলে,

(ই) পূর্বের চাকুরীর ধারাবাহিকতা অব্যাহতভাবে থাকিলে, এবং

(ঈ) পূর্ববর্তী চাকুরীকাল সন্তোষজনক হইলে,

তাহাকে আইনের Section 3 এর Sub-Section (2) এর clause (b) এর বিধান অনুসারে শিক্ষক পদে নিয়োগ প্রদান করিয়াছেন মর্মে প্রয়োজনীয় আদেশ জারি করিবে;

(খ) কোন শিক্ষকের দফা (ক) তে উল্লিখিত অন্যান্য যোগ্যতা থাকা সত্ত্বেও কেবল প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে, আইনের Section 3 এর Sub-Section (1) এর অধীন অধিগ্রহণকৃত সংশ্লিষ্ট বিদ্যালয়ের অধিগ্রহণের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের মধ্যে উক্ত যোগ্যতা অর্জনের শর্তে নিয়োগ প্রদান করিয়া প্রয়োজনীয় আদেশ জারি করিবে।

(২) উপ-বিধি (১) এর দফা (খ) তে যাহা কিছুই থাকুক না কেন, নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক তাহার নিয়োগের ৩ (তিন) বৎসর পূর্তির পূর্বে অবসর গ্রহণ করিলে বা মৃত্যুবরণ করিলে অথবা

শারীরিক বা মানসিকভাবে অসমর্থ হইয়া পড়িলে অবসর গ্রহণের বা মৃত্যুবরণের বা, ক্ষেত্রমত, শারীরিক বা মানসিক অসমর্থ হইবার তারিখের পূর্বের তারিখে ভূতাপেক্ষভাবে তাহার নিয়োগ নিয়মিত করা যাইবে এবং উক্ত শিক্ষক এই বিধিমালার অধীন প্রদেয় সকল সুবিধাদি প্রাপ্য হইবেন ঃ

তবে শর্ত থাকে যে,—

(ক) এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির অবসর গ্রহণ বা মৃত্যুবরণ বা, ক্ষেত্রমত, অসমর্থ হইবার পূর্বের চাকুরী সন্তোষজনক হইতে হইবে; এবং

(খ) শারীরিক বা মানসিক অসমর্থতার ক্ষেত্রে বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর ধারা ১৮ এর অধীন নিবন্ধিত ও রেজিস্টারভুক্ত চিকিৎসক কর্তৃক প্রদত্ত সনদ থাকিতে হইবে।

৫। **শিক্ষকদের বেতন, ইত্যাদি নির্ধারণ**।—সরকার, সরকারি গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, সময় সময়, বিধি ৪ এর অধীন নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের বেতন, ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি নির্ধারণ করিতে পারিবে।

৬। **শিক্ষক নিয়োগে বাধা-নিষেধ**।—কোন ব্যক্তি বিধি ৪ এর অধীন শিক্ষক পদে নিয়োগের জন্য যোগ্য হইবেন না, যদি—

(ক) তিনি বাংলাদেশের নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা না হন;

(খ) তিনি বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন;

(গ) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে তাহাকে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন না করেন;

(ঘ) তাহার পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, তিনি প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের উপযুক্ত নহেন;

(ঙ) তিনি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন) বা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন) বা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪নং আইন) বা স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০নং আইন) এর অধীন কোন ইউনিয়ন বা পৌরসভা বা উপজেলা বা সিটি কর্পোরেশনের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মেয়র বা কাউন্সিলর বা সদস্য পদে নির্বাচিত হইয়া থাকিলে উক্ত পদ হইতে পদত্যাগ না করিয়া থাকেন।

৭। **বয়সসীমা**।—এই বিধিমালার অধীন নিয়োগের জন্য কোন ব্যক্তির যোগদানকালীন বয়স বাধা হইবে না :

তবে শর্ত থাকে যে—

(ক) কোন ব্যক্তির নিয়োগের তারিখে তাহার বয়স সরকারি কর্মচারীর অবসর গ্রহণের বয়সের বেশী হইবে না;

(খ) কোন শিক্ষকের যোগদানকালীন বয়স ১৮ (আঠার) বৎসরের নিম্নে হইলে তাহার বয়স ১৮ (আঠার) বৎসর পূর্তির পূর্বের চাকুরী গণনাযোগ্য হইবে না।

৮। **চাকুরীর অবসান, ইত্যাদি।**—(১) কোন শিক্ষক বিধি ৪ এর উপ-বিধি (১) এর দফা (খ) এ বর্ণিত সময়সীমার মধ্যে প্রয়োজনীয় যোগ্যতা অর্জনে ব্যর্থ হইলে নিয়োগের ৩ (তিন) বৎসর পূর্তির তারিখে স্বয়ংক্রিয়ভাবে তাহার চাকুরীর অবসান হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন শিক্ষকের চাকুরীর অবসান হইলে তিনি সরকার কর্তৃক নির্ধারিত হারে গ্র্যাচুইটি প্রাপ্য হইবেন।

৯। **শিক্ষকদের জ্যেষ্ঠতা, পদোন্নতি, ইত্যাদি।**—(১) বিধি ৪ এর অধীন কোন শিক্ষকের নিয়োগ প্রদানের তারিখ হইতে কার্যকর চাকুরীকালের ভিত্তিতে শিক্ষক পদে তাহার জ্যেষ্ঠতা গণনা করা হইবে এবং উক্ত তারিখের অব্যবহিত পূর্বে নিয়োগ বিধির অধীন শিক্ষক পদে সরাসরি নিয়োগপ্রাপ্ত সর্বশেষ ব্যক্তির নিচে উক্ত শিক্ষকের অবস্থান নির্ধারিত হইবে।

(২) নিয়োগ প্রদানের পর শিক্ষকগণের পারস্পরিক জ্যেষ্ঠতা তাহাদের স্ব-স্ব কার্যকর চাকুরীকালের ভিত্তিতে নির্ধারণ করিতে হইবে; এবং কার্যকর চাকুরীকাল একই বা সমান হইলে তাহাদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের, এবং উক্ত বৎসর একই হইলে বয়সের, ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৩) নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে, উপ-বিধি (১) ও (২) এর অধীন জ্যেষ্ঠতার ভিত্তিতে শিক্ষকগণ পদোন্নতি, সিলেকশন গ্রেড এবং প্রযোজ্য টাইম স্কেল প্রাপ্য হইবেন।

১০। **পেনশন, ইত্যাদি।**—কোন শিক্ষকের পেনশনযোগ্য চাকুরীকাল নির্ধারণের ক্ষেত্রে তাহার কার্যকর চাকুরীকাল গণনা করা হইবে।

১১। **নিয়োগ বিধির প্রযোজ্যতা।**—এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষকের ক্ষেত্রে নিয়োগ বিধির বিধানাবলী প্রযোজ্য হইবে।

১২। **অসুবিধা দূরীকরণ।**—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, আইন, নিয়োগ বিধি এবং এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবুল কালাম**
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd